



খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী অফিস: ৩২৭, যশোর রোড, উত্তর মুজগুন্নি, খালিশপুর, খুলনা-৯০০০

স্মারক নং-খুকবি/রেজি. কার্যা/শি. শা/ভর্তি পরীক্ষা/০২(৬)/২০১৯/৪৬২

তারিখ: ২২ এপ্রিল ২০২৬ খ্রি:

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত নোটিশ

কৃষি এবং কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয়সমূহে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে (দৌলতপুর কলেজিয়েট স্কুল, দেয়ানা, মধ্যপাড়া, দৌলতপুর, খুলনা) আগামী ২৬-০৪-২০২৬ থেকে ২৯-০৪-২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে। উল্লেখিত তারিখ ও সময়ে খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়া ভর্তির জন্য নির্ধারিত ফি ও প্রয়োজনীয় ডকুমেন্টস সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

মোঃ রেজাউল ইসলাম

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৩০৯-০০০৩১৩



খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী অফিস: ৩২৭, যশোর রোড, উত্তর মুজগুন্নি, খালিশপুর, খুলনা-৯০০০


খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ে লেভেল ১ সেমিস্টার ১ এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নির্ধারিত ফি

ভর্তির স্থানঃ অস্থায়ী ক্যাম্পাস, দৌলতপুর কলেজিয়েট স্কুল, দেয়ানা, মধ্যপাড়া, দৌলতপুর, খুলনা।

ভর্তির তারিখঃ ২৬-০৪-২০২৬ থেকে ২৯-০৪-২০২৬ তারিখ পর্যন্ত

সময়ঃ সকাল ০৯:০০ হতে বিকাল ০৪:০০ ঘটিকা।

| ক্র. নং | অনুষদ | নির্ধারিত ভর্তি ফি | কেন্দ্রীয়ভাবে পরিশোধিত ভর্তি ফি | অবশিষ্ট ভর্তি ফি (যাহা ভর্তির দিন ব্যাংকে জমা দিতে হবে) |
|---------|--|--------------------|----------------------------------|---|
| ০১ | ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস | ২৫,৯০০/- | ১০,০০০/- | ১৫,৯০০/- |
| ০২ | এগ্রিকালচার | ২০,৫৫০/- | ১০,০০০/- | ১০,৫৫০/- |
| ০৩ | ফিশারিজ অ্যান্ড ওশান সায়েন্সেস | ২০,৫৫০/- | ১০,০০০/- | ১০,৫৫০/- |
| ০৪ | এগ্রিকালচারাল ইকোনমিক্স অ্যান্ড এগ্রিবিজনেস স্টাডিজ | ২০,৫৫০/- | ১০,০০০/- | ১০,৫৫০/- |
| ০৫ | এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি | ২০,৫৫০/- | ১০,০০০/- | ১০,৫৫০/- |


২২/৪/২৬



২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ে
লেভেল-০১, সেমিস্টার-০১ এর ভর্তি সংক্রান্ত তথ্যাদি
(২৬-০৪-২০২৬ থেকে ২৯-০৪-২০২৬ তারিখ পর্যন্ত)

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় যে সকল প্রয়োজনীয় কাগজ পত্র সঙ্গে আনতে হবে সেগুলো নিম্নরূপ:

- ১। শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এস.এস.সি. এবং এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট।
- ২। শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এস.এস.সি. এবং এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার মূল গ্রেড সীট।
- ৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্র।
- ৪। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ (অনুলিপি)।
- ৫। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- ৬। উপজাতি/আদিবাসী কোটার জন্য জেলা পরিষদ চেয়ারম্যানের সনদ সঙ্গে আনতে হবে।
- ৭। মুক্তিযোদ্ধা কোটার জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ। মুক্তিযোদ্ধার নাতি/নাতনিদের উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান/নাতি-নাতনি এ বিষয়ে সুনির্দিষ্ট উল্লেখপূর্বক সনদ সঙ্গে আনতে হবে।
- ৮। বিশ্ববিদ্যালয় থেকে সরবরাহকৃত ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম ও রেজিস্ট্রেশন কার্ড আবেদনকারী কর্তৃক স্ব-হস্তে ও সঠিক ভাবে পূরণ করতে হবে।
- ৯। সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি।
- ১০। রক্তের গ্রুপ (যদি জানা থাকে)।
- ১১। মেডিকেল সার্টিফিকেট যাহা বিশ্ববিদ্যালয়ের হেলথ কেয়ার সেন্টার এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ১২। ভর্তি সংক্রান্ত ফি:
(ক) ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস অনুষদের ফি বাবদ =২৫,৯০০/-
(খ) অন্যান্য অনুষদের ফি বাবদ=২০,৫৫০/-
তবে কেন্দ্রীয় ভাবে পরিশোধিত =১০,০০০/- (দশ হাজার) টাকা উল্লিখিত ফি থেকে বাদ দিয়ে অবশিষ্ট অর্থ পরিশোধ করতে হবে।
- ১৩। ভর্তির স্থান: অস্থায়ী ক্যাম্পাস (দৌলতপুর কলেজিয়েট স্কুল, দেয়ানা, মধ্যপাড়া, দৌলতপুর, খুলনা)।
- ১৪। ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য- ০১৭২৩-৭৭৫৭৮০, ০১৫১৫-২৭২৯৪৯ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে



মোঃ রেজাউল ইসলাম

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৩০৯-০০০৩১৩